স্মারক ঃ এসটিএস.আআ.সং.০০২.২০২৩.০৪ তারিখঃ ১৪.০৪.২০২৩ইং
১লা বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ

প্রাপক,
মহোদয় প্রধান উপদেষ্টা/চেয়ারম্যান/মহাসচিব ও নির্বাহী পরিচালক
আমাদের আইন সেন্ট্রাল কমিটি।
(স্কাইটাচ্ সোসাইটির মানবধিকার রক্ষাকারী ও আইনী সহায়তা কার্যক্রম)

APPROVED
SKY TOUCH SOCIETY
আন্তরিকতায় পাশে থাকুন
Govt. Reg.: S-11368

বিষয়ঃ স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক পরিচালিত 'আমাদের আইন' এর মাধ্যমে মানবাধিকার রক্ষাকারী ও আইনী সহায়তা কার্যক্রম পরিচালনায় কমিটির গঠনতন্ত্র অনুমোদন প্রসঙ্গে।

মহোদয়,
বাংলাদেশ ও বহির্বিশ্বে অধিকার বঞ্চিত মানুষের অধীকার প্রতিষ্ঠা, সুরক্ষা এবং বাংলাদেশে আইনগত সহায়তা দেয়ার উদ্দেশ্যে বাংলাদেশের ফরমার মাননীয় বিচারক, সচিব, বিসিএস ক্যাডার বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবিদ, আইন অনুষদ শিক্ষক, প্রবাসে বসবাসরত, বিশিষ্ট আইনজীবী, সাংবাদিক, সংস্কৃতি ব্যক্তিত্ব, ব্যবসায়ীক গ্রুপ ও উন্নয়ন কর্মী এবং সুপ্রীম কোর্টের সুদক্ষ আইনজীবীদের নিয়ে 'আমাদের আইন' সেন্ট্রাল মানবাধিকার রক্ষাকারী ও আইনি সহায়তা কার্যক্রম পরিচালনা কমিটি করার জন্য স্কাইটাচ্ সোসাইটি এর পক্ষ থেকে উদ্যোক্তা ও সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট, ১৮৬০ এর XXI বিধি অনুযায়ী, জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস অধিন কর্তৃক ২০১২ সালে নিবন্ধনকৃত স্কাইটাচ্ সোসাইটি যাহার গভঃ রেজিঃ নং এস-১১৩৬৮, ইহার পর হইতে দেশের সকল স্তরে মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে পারিবারিক, সামাজিক ও আইনগত প্রতিরোধ গড়ে তুলে মানবাধিকার বাস্তাবায়ন ও মানবাধিকার রক্ষা, উন্নয়ন এবং অধিকার বঞ্চিত মানুষের মৌলিক, সামাজিক, পারিবারিক অধিকার সুরক্ষা, সরকার কর্তৃক দেয়া নাগরিক সুযোগ-সুবিধা প্রাপ্তির সহায়তা দান, সেবা ও জন কল্যাণ মূলক আন্তর্জাতিক একটি স্বেচ্ছাসেবামূলক সাংগঠনিক প্রক্রিয়ায় কার্যক্রম হিসেবে ২০১২ সালে মানবাধিকার প্রতিষ্ঠার জন্য স্কাইটাচ্ সোসাইটির লক্ষ্য ও উদ্দেশ্য সমূহের মধ্য হইতে 'আমাদের আইন' নামে মানবাধিকার রক্ষাকারী ও আইনি সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য সাংগঠনিক প্রক্রিয়ায় 'আমাদের আইন' স্কাইটাচ্ সোসাইটির কার্যক্রম প্রতিষ্ঠা বা অনুমোদিত হয়। পরবর্তিতে প্রতিষ্ঠান কর্তৃক 'আমাদের আইন' নামে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর কপিরাইট দপ্তর হইতে নাম ও লগো সহ কপিরাইট রেজিস্ট্রেশন গ্রহণ করা হয়, যাহা রেজিঃ নং- Reg. No.14689-COPR.

স্কাইটাচ্ সোসাইটি এর লক্ষ্য, উদ্দেশ্য, আইনী সহায়তা ও মানবাধিকার কর্মসূচি, 'আমাদের আইন' নামে এর মাধ্যমে কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশের অবসরপ্রাপ্ত মাননীয় বিচারক, সচিব, বিসিএস ক্যাডার বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবিদ, আইন অনুষদ শিক্ষক, প্রবাসে বসবাসরত, বিশিষ্ট আইনজীবী, সাংবাদিক, সংস্কৃতি ব্যক্তিত্ব, ব্যবসায়ীক গ্রুপ ও উন্নয়ন কর্মী এবং সুপ্রীম কোর্টের সুদক্ষ আইনজীবীদের নিয়ে 'আমাদের আইন' এর ১৪.০৪.২০২৩ ইং/১লা বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ তারিখে স্কাইটাচ্ সোসাইটির কেন্দ্রীয় কার্যালয় সেগুবাগিচাস্থ বিকেল ৪.০০ ঘটিকার সময় অনুষ্ঠিত এক সাধারণ সভায় গঠিত ৪৫ সদস্য কার্যকরী ও ১৭ সদস্য উপদেষ্টামন্ডলী বিশিষ্ট 'আমাদের আইন' সেন্ট্রাল মানবধিকার রক্ষাকারী ও আইনী সহায়তা কার্যক্রম পরিচালনা কমিটি সহ সমগ্র বাংলাদেশে শাখা কার্যকর কমিটি পরিচালনার জন্য গঠনতন্ত্র সংযুক্ত শর্ত ও নিয়মাবলী আওতায় ১৪.০৪.২০২৩ ইং থেকে ১৪.০৪.২০২৬ইং তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অনুমোদন দেয়া হল।

skytouch society is a non-profitable, non-political, Charitable non-governmental the services of the Social welfare & human right based national Organization. This Organization established in 2012. This Organization also provides legal Aid and human rights activities, Initially focused on providing free legal services to the disenfranchised in Bangladesh, its aims and activities to encompass investigation, advocacy, media campaigning, documentation, training, education and action research in addition to its core activities of legal services (including legal aid, mediation and public interest litigation), online news & publications and microfinance is different development activities.

Goal: To establish the rule of law based on the principles of equality, democracy, human rights, justice and gender equity, news and financial development activities.

Strategies: skytouch society seeks to promote and protect human rights through several group which promote human rights awareness; offer legal aid for mediation, litigation and public interest litigation; investigate and document human rights violations; conduct research into the human rights situation and advocate for law and policy reform to protect human rights criteria; and disseminate information through the media and its own publications. It also offers counseling for victims of human rights. Online news publication is support to people. We take the rural poor and the underprivileged of society to financial development network.

Approach: skytouch society has no political affiliations and takes a non-partisan approach to its activities, which aim to contribute to establishing the rule of law based on principles of democracy, human rights, justice and equality.

Resources: While primarily supported with funds from several donor organizations. **skytouch society** also raises its own funds through training, sale of its publications and services, as well as through replication of its programmes by or through partner non-government organizations and government agencies.

Regional Activities: skytouch society is an active member of several regional or international human rights forum, in particular the UNESCO Club of Bangladesh and online Member of UN & EC.

International Activities: skytouch society ready to make special consultative status with the International Organizations.

Legal Status: skytouch society was registered as a society with the Registrar of Joint Stock Companies and Firms, under the Societies Registration Act 1860 (XXI) on February 2, 2012. Registration No: S-11368. **And AMADER AIN Copy Right registered by the Copyright Act, 2000(amended in 2005) and Copyright Rules, 2006. Reg. No.14689-COPR, Government of the People's Republic of Bangladesh.**

WELCOME TO AMADEYR AIN

The AMADER AIN is a Human Rights Development & Legal Aid Support Activities , a project of skytouch society. Amadeyr Ain in the delivery of survivor support services to victims of domestic violence. Many of the activities of this project will be national in scope such as advocacy, capacity building, and education. It will focus service delivery and its related Service Improvement skytouch society small grants component in 50 unions of 30 Upazilas within the 11 districts found in Bangladesh, Dhaka, Sherpur, Jamalpur, Sylhet, Moymonshing and Tangile, Comilla, Chattagong, Gazipur, Kurigram, Rangpur districts.

The goal of AMADER AIN is to reduce the high prevalence of domestic violence and other related human rights violations (including, but not limited to, child marriage, anti-stalking, dowry, physical humiliation, torture, trafficking, rape, and child abduction). To achieve this goal, AMADER AIN will engage in an array of activities that will encourage policy reform and advocacy, enhance public awareness, and increase public dialogue between the government and civil society on issues of domestic violence and other associated human rights abuses. Interventions under AMADER AIN will:

1) Advocate for the Government of Bangladesh to adopt and enforce comprehensive women‘s rights and domestic violence policies that includes legislation as the Domestic Violence Bill;

2) Ensure that survivors of domestic violence and other related human rights abuses have greater access to justice;

3) Increase the awareness and capacity of communities throughout Bangladesh to reduce domestic violence

For this activities

1. Human Rights Based Human Chain, workshop, Seminar, Committee etc.
2. Free of Cost Legal Consultancy and Legal Aid Support and Awareness program
3. A online news portal www.deshbd24.com

স্মারক ঃ এসটিএস.আআ.সং.০০২.২০২৩.০৪

তারিখঃ ১৪.০৪.২০২৩ইং
১লা বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ

APPROVED
SKY TOUCH SOCIETY
আস্থারিকতায় পাশে থাকুন
Govt. Reg.: S-11368

আমাদের আইন গঠনতন্ত্র

পরম করুণাময় সৃষ্টিকর্তার নামে

স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক পরিচালিত মানবাধিকার রক্ষাকারী ও আইনী সহায়তা কার্যক্রম "আমাদের আইন " এর জেলার/উপজেলা/বিভাগ ও অন্যান্য শাখা কার্যক্রম পারচালনার অনুমোদিত কার্যবিধি ও নীতিমালার গঠনতন্ত্র ঃ

প্রকল্পের নাম	ঃ **আমাদের আইন** (স্কাইটাচ্ সোসাইটি এর একটি মানবাধিকার রক্ষাকারী ও আইনী সহায়তা কার্যক্রম)।
প্রকল্প শাখা সমন্বয়কারী	ঃ
শাখা নাম	ঃ ------------ উপজেলা শাখা, জেলা ------------- ।
শাখা ঠিকানা	ঃ
কার্য এলাকা	ঃ প্রকল্পের কার্যএলাকা নির্দিষ্ট এড়িয়া সহ প্রয়োজনে স্কাইটাচ্ সোসাইটি ও আমাদের আইন এর কেন্দ্রীয় কমিটি কর্তৃক অনুমতি সাপেক্ষে বাংলাদেশের যে কোন প্রান্তে 'আমাদের আইনের' শাখা কার্যক্রম বিস্তৃত/পরিচালিত হইবে।
শাখা অনুমোদনের তারিখ	ঃ
শাখা প্রতিনিধির নাম/ঠিকানা	ঃ

আমাদের আইন এর লক্ষ-উদ্দেশ্য ও নীতিমালা ঃ

"আমাদের আইন" জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার কমিশন কর্তৃক প্রণীত নীতিমালা/আইনী কার্যক্রম বাস্তবায়ন এবং সাংবিধানিক মৌলিক অধিকার ও আইনী সহায়তার মাধ্যমে সামাজিক ন্যায় বিচার নিশ্চিত করণে 'আমাদের আইন' এর মূখ্য লক্ষ্য।

এ প্রকল্পের উদ্দেশ্য গুলো হলো নিম্নরূপ :

১. আইনের শাসন ও মানবাধিকার প্রতিষ্ঠার পরিবেশ তৈরী করণ।
২. নারীর অধিকার, নারীর ক্ষমতায়নে আর্থ-সামাজিক, রাজনৈতিক, মানবাধিকার রক্ষাকারী, আইনগত এবং পারিবারিক মর্যাদা উন্নীত করণের মাধ্যমে উৎপাদনশীল নাগরিক হিসাবে গড়ে তোলা।
৩. জেন্ডার,সামাজিক ন্যায় বিচার ও মানবাধিকার মান উন্নয়ন।
৪. সাংবিধানিক মৌলিক ও মানবধিকার প্রতিষ্ঠার মাধ্যমে আইনের শাসন নিশ্চিত করণ এবং মানবাধিকার লংঘনের ক্ষেত্রে সুষ্ঠু প্রতিকারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ভূমিকা নিশ্চিত করণ।
৫. পশ্চাৎপদ, নির্যাতিত, দারিদ্র ও দু:স্থ মানুষদের মাঝে যথাযথ আইনী সহায়তা প্রদান।
৬. সমাজের বিভিন্ন স্তরে সকলের মাঝে মানবাধিকার ও আইন সচেতনতা সৃষ্টি করা।
৭. মানবাধিকার রক্ষা কার্যক্রম তৃণমূল পর্যায় বাস্তবায়নের লক্ষ্যে তৃণমূল পর্যায় বিস্তৃত ও স্কুল, কলেজ, মাদ্রাসা সহ গ্রাম/শহর/থানা-উপজেলা/জেলায় বিভিন্ন শাখা গঠন করে কার্যক্রম বাস্তবায়ন।
৮. সামাজিক কু-প্রথা ও অপব্যবহার বা কুসংস্কার উচ্ছেদের মাধ্যমে সমাজ সংস্কারের প্রয়োজনীয়তা সুপারিশ প্রদান।
৯. উত্তরাধিকার সম্পত্তি, যৌতুক, সহিংসতা, অন্যায় বিবাহ বিচ্ছেদ, ভরণ-পোষণ, দেনমোহর, নারী নির্যাতন প্রতিরোধ ইত্যাদির মতো পারিবারিক বিষয়ে সহিংসতা ও অধিকারের ক্ষেত্রে মহিলাদের সমর্থনের ব্যবস্থা করা।
১০. আইন প্রয়োগকারী সংস্থা ও অন্যান্য সরকারী সংস্থার মতো সামাজিক প্রভাব প্রতিপত্তির কৌশলগত পদ্ধতির কারণে ক্ষতিগ্রস্থদের আইনগত অধিকার রক্ষার ব্যবস্থা করা।
১১. গবেষণা ও তথ্য সংগ্রহ সমীক্ষা ইত্যাদি পরিচালনা।
১২. শিশুদের নিপীড়ন শোষণ,পাঁচার ও শিশুশ্রম বন্ধ করা ।
১৩. অক্ষম শিশুদের জন্য ইতিবাচক পরিবেশ সৃস্টি করা এসব উদ্দেশ্য ফোরাম সচেতনতা আনয়ন শিশু অধিকারের অ্যাডভোকেসী, সদস্য এনজিওর সমর্থগত অবস্থা গড়ে তোলা, গুরুপূর্ণ বিষয়ে গবেষণা, ফোকাসের স্বার্থে লবিং ও প্রতিনিধিত্ব করা এবং শিশু অধিকার বিষয়ক সম্পদের বিকাশ ও তথ্যের ব্যবস্থা করা ইত্যাদির কর্মকান্ড জড়িত ।

১৪. জনগণের মধ্যে আইনের শিক্ষা ও তথ্য সম্প্রচার ।
১৫. মানবাধিকার লংঘনের কারণ অনুসন্ধান এবং তথ্য নির্ভর আধুনিক তথ্য প্রযুক্তির মাধ্যমে জনমত গঠন করা।
১৬. বিকল্প বিরোধ মীমাংসা যেমন-সালিশী, মধ্যস্থতা এবং সমঝোতার মাধ্যমে আইন সহায়তা প্রদান।
১৭. মহিলাদের সুসংগঠিত করার মাধ্যমে আইন সহায়তা প্রদান।
১৮. আইন প্রয়োগকারী সংস্থা, স্থানীয় জনগণ, কেন্দ্রীয় স্থানীয় ও স্থানীয় প্রশাসন এবং জনপ্রতিনিধির সাথে যোগাযোগ ও সমন্বয় স্থাপনের মাধ্যমে সম্মিলিত ভাবে শিশু ও নারী কল্যাণ নিশ্চিত করা।
১৯. জনপ্রশাসন তৈরী, ন্যায় ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা, সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সঠিক জনপ্রতিনিধি বাস্তবায়ন করা।
২০. খাদ্য নিরাপত্তা নিশ্চিত করণ, পরিবেশের মান উন্নয়ন, জলবায়ু সংরক্ষণ, আধুনিক নগরায়নে বিভিন্ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
২১. অসহায়, ভূমিহীন,বাস্তহারা ব্যক্তিদের বিভিন্ন প্রকার সহায়তা।
২২. আন্তর্জাতিক মানবাধিকার বিষয়ক সকল আইন বাস্তবায়ন এবং পালন।
২৩. গণমাধ্যমে তথ্য প্রযুক্তির সঠিক প্রকাশ, ইলেকট্রনিক এন্ড প্রিন্ট মিডিয়ায় বিভিন্ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
২৪. মানবাধিকার বাস্তবায়নে বিভিন্ন সভা, সেমিনার, ওয়ার্কশপ, র‌্যালি, মানব বন্দন, প্রতিকী অনশন ইত্যাদি কার্যক্রম অব্যাহত রাখা।
২৫. স্কাইটাচ সোসাইটি এই প্রকল্পে নতুন যে কোন সিদ্ধান্ত গ্রহণ করিলে “আমাদের আইনে” তা বাস্তবায়ীত হবে।
২৬. মানবাধিকার রক্ষাকারী কর্মী তৈরী, শ্রেষ্ঠ মানবাধিকার রক্ষাকারী কর্মী পুরস্কার প্রবর্তন।
২৭. আইন বিষয়ক বিভিন্ন কার্যক্রম যেমন- আইন গবেষণা প্রতিষ্ঠা, আইন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা এবং আইন বিষয়ক বিভিন্ন প্রতিষ্ঠান গড়া।
২৮. ধার্মিক বিষয়ে নিজ নিজ ধর্মের কার্যক্রমকে আরো গতিশীলতা বৃদ্ধির জন্য নিজ নিজ ধর্মের ব্যক্তিদের ধর্মীয় তীর্থ স্থানে যাওয়ার ক্ষেত্রে সহযোগীতা করা।
২৯. সামাজিক দুর্নীতি প্রতিরোধ ও সুশীল সমাজ গঠনে বিভিন্ন কার্যক্রম।

APPROVED
SKY TOUCH SOCIETY
আন্তরিকতায় পাশে থাকুন
Govt. Reg.: S-11368

কর্মসূচী সমূহ :
আমাদের আইন প্রকল্পে উল্লেখিত লক্ষ্য-উদ্দেশ্য সমূহ অর্জনে নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়নে জড়িত।

১.আইনগত সহায়তা কর্মসূচী :

যে সব দরিদ্র দু:স্থ নির্যাতিত, অসহায় ও নিজেদের অধিকার সর্ম্পকে সচেতন নয়, তাদেরকে এই কর্মসূচীর আওতায় আইনগত সহায়তা প্রদান করা, এ প্রকল্প সাধারণত তিনটি উপায়ে আইনগত সহায়তা দিয়ে থাকবে। তা নিম্নে-
ক) উপদেশ (অ্যাডভোকেসী)।
খ) স্থানীয় প্রতিনিধিত্বের মাধ্যমে আইন সালিশ ও বিচার মীমাংসা করা।
গ) দু:স্থ-অসহায় হলে অর্থনৈতিক সহায়তা প্রদান।
নিম্নোক্ত বিষয়গুলির আইনী সহায়তা প্রদানে “আমাদের আইন”সর্বদা কাজ করবে।
-মানবাধিকার লঙ্গনে প্রতিরোধ।
-বাল্য বিবাহ প্রতিরোধ।
-বৈবাহিক সূত্রে পারিবারিক দায় -দেনা সংক্রান্ত।
-সম্পত্তি নিয়ে কলহ-বিবাদ।
-অযথা হয়রানী মিথ্যা মামলা সংক্রান্ত।
-নিজেদের মধ্যে অথবা প্রতিবেশীর সঙ্গে মামলা-মোকাদ্দমা সংক্রান্ত।
-বেআইনী আটক।
-শ্রম ব্যবস্থাপনা বিরোধ,শিশু শ্রম,নূন্যতম শ্রমীকের মজুরী নিশ্চিত করণ।
-ধর্ষণ ও নারী নির্যাতন এ সংক্রান্ড় বিষয়ে চিকিৎসা প্রক্রিয়া নিশ্চিত করণ।
-সামাজিক প্রতিরক্ষা ও নিরাপত্তা আন্দোলন।
-পরিবেশ দূষণ ও বিশ্ব জলবায়ু নিরাপত্তা সংক্রান্ত।
-দেশের কোন আইনী সংকট মুহূর্তে প্রয়োজনীয় কার্যকর ভূমিকা রাখা।
-ভোক্তার স্বার্থ রক্ষা ইত্যাদি।

২. মানবাধিকার কর্মসূচী :
আন্তর্জাতিক মানবাধিকার সংশ্লিষ্ট কর্মসূচী বাস্তবায়ন এবং সকল জনসমাজে মানবাধিকার কার্যক্রমের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ -
১. জনসমষ্টির মানুষ ও সংগঠনকে সাংবিধানিক অধিকার, মানবাধিকার ও আইনগত অধিকার বিষয়ে অবহিত ও সচেতন করা।

২. জেলা, উপজেলা, থানা, ইউনিয়ন গ্রাম পর্যায়ে এবং বিশ্ববিদ্যালয়, কলেজ, স্কুল,মাদ্রাসা ও সকল পেশাজীবিদের (ডাক্তার, প্রকৌশলী, আইনজীবী, শিক্ষক, সাংবাদিক, ব্যবসায়ী, চালক সহ শ্রমজীবী ব্যক্তিগণ) মানবাধিকার রক্ষাকারী কর্মী তৈরী এবং শাখা সংগঠন কার্যক্রম বাস্তবায়ন।
৩. মানবাধিকার বিষয়ক বিভিন্ন সভা, সেমিনার, অধিকার রক্ষায় মানব বন্ধন, প্রতিকী অনশন, র‌্যালি এর মাধ্যমে মানবাধিকার কর্মসূচী বাস্তবায়ন ও আন্তর্জাতিক বিভিন্ন সম্মেলনে অংশগ্রহনের মাধ্যমে তথ্য ও অভিজ্ঞতা অর্জন, বিনিময়।
৪. বাংলদেশের সংবিধান এর অনুচ্ছেদ -১০২ অনুযায়ী অধিকার আদায়ে আদালতে রিট কার্যক্রম।
৫. গণতন্ত্র প্রতিষ্ঠা, জনপ্রশাসন তৈরী, ন্যায় ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা, সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সঠিক জনপ্রতিনিধি বাস্তবায়ন করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা অনুযায়ী কার্যপ্রণয়ন।
৬. জলবায়ু সংরক্ষণে বিভিন্ন কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন।
৭. মানবাধিকার নিশ্চিত বাস্তবায়নের লক্ষ্যে নতুন নতুন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন।
৮. মানবাধিকার ও তথ্য অধিকার বিষয়ে সরকারী অধা-সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে কার্যক্রম ভিত্তিক কর্মসূচি ও বাস্তবায়নের মাধ্যমে তথ্য অধিকার নিশ্চিত করণ।

৩. প্রশিক্ষণ কার্যক্রম (মৌলিক আইন বিষয়ে):
প্রশিক্ষণের মাধ্যমে সমাজে আইনের প্রচার প্রয়োগ মানবাধিকার বিষয়ক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম-
১. মানবাধিকার কর্মীদের প্রশিক্ষণ,
২. মৌলিক অধিকার সাংবিধানিক অধিকার বিষয়ক প্রশিক্ষণের আওতায় ছাত্র, শিক্ষক, যুবক-যুবতী, সাংবাদিক, ডাক্তার, উকিল সহ নানা পেশায় মেধাবী ও সৎ ব্যক্তিদের প্রশিক্ষণের মাধ্যমে মানবাধিকার কর্মী তৈরী করা।
২. আইন ও মানবাধিকার বিষয়ক সেমিনার,
৩. দক্ষ জনপ্রশাসন তৈরী,
৪. সমাজ কর্মী ও সাংবাদিকদের প্রশিক্ষণ প্রদান।
৫. আইন প্রয়োগকারী সংস্থার সদস্য, শিক্ষক, মসজিদের ইমাম ও ইউনিয়ন মেম্বার চেয়ারম্যান ও পৌরসভার কাউন্সিলার মেয়র সদস্যদের এবং রাজনৈতিক সৎ যোগ্য ও মেধাবীদের মানবাধিকার বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান।

৪. প্রচার কার্যক্রমে কর্মসূচী:
আমাদের আইনের কার্যক্রমগুলো জনগণের মধ্যে তুলে ধরার জন্য প্রকাশনের ব্যবস্থা। প্রকাশনার মধ্যে উলেণ্ডখযোগ্য হলো : মুসলিম, হিন্দু ও খ্রীস্টান পারিবারিক অইন বিষয়ক পুস্তক এবং তালাক,যৌতুক ও সম্পত্তি এবং মানবাধিকার , আইন প্রচারণা বিষয়ক বই, পুস্তক, বুকলেট, নিউজ লেটার, ম্যাগাজিন, পত্রিকা, অনলাইন প্রকাশনা প্রকাশনা, স্টিকার,বিভিন্ন অনুষ্ঠান আয়োজন, প্রচারমূখী যে কোন কার্যক্রম, পোস্টার ও অডিও-ভিডিও ক্যাসেট কার্যক্রম।

৫. গবেষণা :
আমাদের আইন এর গবেষণা কেন্দ্রের মাধ্যমে তথ্য সংগ্রহ, তথ্য বিশেণ্ডষণ ও সমাধান পন্থা তুলে ধরা। এতে নারী ও শিশু অধিকার, নারী বৈষম্য, নারী নির্যাতন ও নারী পাচার ইত্যাদি বিষয়ে এবং সামাজিক দুর্নীতি প্রতিরোধ, শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন গবেষণা কার্যক্রম, সুশীল সমাজ গঠনে বিভিন্ন কার্যক্রম তথ্য সংগ্রহ করে নিম্লোক্ত বিষয়ে আইনের পরিবর্তনের সুপারিশ করা। যেমন-
১.আইন ও বিচার প্রক্রিয়ার ক্ষেত্রে,
২. আদালতের বিভিন্ন জটিলতার প্রসঙ্গে,
৩. কারাগারে কিশোর অপরাধীর বিভিন্ন সমস্যা এবং উন্নয়ন ক্ষেত্রে,
৪. চিকিৎসা সংক্রান্ত জটিলতা বিষয়।
৫. শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষা বানিজ্যকরণ সংক্রান্ত।
৬. মহিলাদের প্রতি ন্যায় বিচার ,
৭. আইন বাস্তবায়নে পুলিশের ভুমিকা,
৮. আইন গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করা।
৯. জামিন,গ্রেফতার ও রিমান্ড ইত্যাদি।
১০. সমাজ উন্নয়ন ও বিভিন্ন সমস্যা চিহ্নিত করণ।

APPROVED
SKY TOUCH SOCIETY
আন্তরিকতায় পাশে থাকুন
Govt. Reg.: S-11368

৬ .শিশু অধিকার ইউনিট :

সংস্থা শিশু অধিকার ইউনিট স্থাপন করে শিশুদের বিশেষত কর্মজীবি শিশুদের স্বাস্থ্য ও শিক্ষা সমর্থন এবং আইনগত রক্ষার সমর্থন দেয়া হবে । সেজন্য ঢাকায় নিজ কার্যালয়ে একটি উৎড়ঢ়-রহ-ঈবহঃৎব(উওঈ) চালু করা হবে। উক্ত ইউনিটের উদ্দেশ্য হবে ১)কর্মজীবি শিশুদের শিক্ষার পর্যায় উন্নীতকরণ; ২) তাদের সামাজিক ও আবেগিক কল্যাণে সহায়তা করা; এবং ৩) তাদের অধিকার বিষয়ে সচেনতার উন্নয়ন।

এ লক্ষে ইউনিটের কর্মতৎপরতা হলো:

১. প্রকল্পের ব্যয়ে চিকিৎসা-সেবা, স্কাইটাচ্ সোসাইটির সহায়তায় কর্মজীবি শিশুদের স্বাস্থ্যসেবা প্রদান।

২. কর্মজীবি শিশুদের শিক্ষা কর্মসূচী পরিচালনা।

৩. ৯ থেকে ১৫ বছর বয়সী শিশু যারা ন্যায়বিচারের সুযোগ পায় না তাদেরকে আইনগত রক্ষার ব্যবস্থা নেয়া।

৪. নিয়োগ কর্মকর্তা, পিতামাতা, অভিভাবক ও শিক্ষকদের সাথে জনসমষ্টিগত সংযোগ স্থাপন ও পরামর্শ সেবা। সেজন্য নিয়োগ কর্মকর্তা ও তাদের সাথে আলোচনার আয়োজন করে বাংলাদেশে শিশু অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধিকরণ।

৬. সংযুক্তি :

আমাদের আইনের শাখা কমিটি কর্তৃক কোন বিষয় সুপারিশ/সংযোজন/বিয়োজন সংক্রান্ত আবেদন থাকলে তা “আমাদের আইন” এর কেন্দ্রীয় কার্যকর কমিটিতে উপস্থাপন করলে উক্ত বিষয় আমাদের আইন যুগপোযোগী কার্যপ্রণালী ও বিধি সংক্রান্ত বিষয় সংযোজন বিয়োজন পরিমার্জন করার বিষয়ে বিভেচনার জন্য আনলে উক্ত বিষয়য়াদী “স্কাইটাচ্ সোসাইটি”তে উপস্থাপনের পর অনুমোদিত হইলে “আমাদের আইন” এর সকল শাখা কমিটিতে উক্ত সংযুক্তি বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হইবে।

APPROVED
SKY TOUCH SOCIETY
আন্তরিকতায় পাশে থাকুন
Govt. Reg.: S-11368

(ডা. এস.কে. সাহা চৌধুরী)	**(অ্যাড. নূরে আলম সিদ্দিক)**	**(অ্যাড. এ.জেড.এম. আব্দুস সবুর)**
(সিনিয়র জজ, ৭ম বিসিএস (জুডিশিয়াল)/ ১৯৮৫)	**চেয়ারম্যান**	**প্রধান নির্বাহী পরিচালক**
প্রধান উপদেষ্টা	**স্কাইটাচ্ সোসাইটি**	**স্কাইটাচ্ সোসাইটি**
স্কাইটাচ্ সোসাইটি ও আমাদের আইন।		

AMADER AIN ©
ESTD. 2012
Human Rights Defenders & Legal Aid Support
AMADER AIN
আ মা দে র আ ই ন
A Project of SKYTOUCH SOCIETY [Govt.Reg.No. S-11368]
SKYTOUCH SOCIETY
Govt. Reg.: S-11368

স্মারক ঃ এসটিএস.আআ.সং.০০২.২০২৩.০৪

তারিখঃ ১৪.০৪.২০২৩ইং
১লা বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ

‘আমাদের আইন’ এর শাখা পরিচালনার বিধানাবলীঃ

APPROVED
SKY TOUCH SOCIETY
আন্তরিকতায় পাশে থাকুন
Govt. Reg.: S-11368

অনুচ্ছেদ-১.‘আমাদের আইন’ এর শাখা কমিটি সর্বদা ‘স্কাইটাচ্ সোসাইটি’ কর্তৃক নির্ধারিত ‘আমাদের আইনের’ কেন্দ্রীয় কমিটির ক্ষেত্রে নির্দ্ধারিত যে লক্ষ্য ও উদ্দেশ্য অনুমোদিত হয়েছে / যা কেন্দ্রীয় কমিটিকে নির্দ্ধারিত ক্ষমতা দিয়েছে তা বাস্তবায়নে সচেষ্ট হইবে।

অনুচ্ছেদ-২. প্রকল্পের কার্য এলাকা : ‘আমাদের আইন’ (একটি স্কাইটাচ্ সোসাইটির মানবাধিকার রক্ষাকারী ও আইনী সহায়তা কার্যক্রম) এর সকল কর্মকান্ড ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কমিটি কর্তৃক নির্ধারিত এলাকা এবং ‘স্কাইটাচ্ সোসাইটি’ কর্তৃক অনুমোদিত যে কোন এরিয়ায় ইহার কার্য এলাকা বিস্তৃত করে সকল কার্য পরিচালনা করিতে পারিবে ।

অনুচ্ছেদ-৩. সদস্য হওয়ার নিয়মাবলী :

আমাদের আইনের সদস্য পদঃ বাংলাদেশের সকল বৈধ নাগরিক, বাংলাদেশে বসবাসরত বিদেশী নগরিক, প্রবাসী বাংলাদেশী ও বিশ্বের যে কোন দেশের সৎ ও বৈধ নাগরিকগণ ‘আমাদের আইন’এর নির্দিষ্ট বিধিবিধান পালন ও বিভিন্ন শর্তসাপেক্ষে ‘আমাদের আইনের’ সদস্য হিসাবে কাজ করতে পারবেন।

ক. আমাদের আইনের কর্মী বিন্যাস :

১. আমাদের আইনের সধারণ সদস্য ঃ প্রাপ্ত বয়স্ক বাংলাদেশের সকল বৈধ নাগরিক, বাংলাদেশে বসবাসরত বিদেশী নগরিক, প্রবাসী বাংলাদেশী ও বিশ্বের যে কোন দেশের সৎ ও বৈধ নাগরিকগণ ‘আমাদের আইন’ এর নির্দিষ্ট বিধিবিধান পালন ও বিভিন্ন শর্তসাপেক্ষে ‘আমাদের আইনের’ শাখার সাধারণ সদস্য হিসাবে কাজ করতে পারবেন।

২. আমাদের আইনের মানবাধিকার রক্ষাকারী কর্মী : কোন প্রাপ্ত বয়স্ক ব্যক্তি বাংলাদেশসহ বিশ্বের যে কোন দেশের সৎ ও মেধাবী নাগরিক আমাদের আইনের শাখার সাধারণ সদস্যপদ লাভের পর ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কমিটির সুপারিশক্রমে স্কাইটাচ সোসাইটি কর্তৃক অনুমতিক্রমে সকল শর্ত মানিয়া পালন করিবমর্মে স্বীকারুক্তি মূলক প্রত্যায়ন প্রদান সাপেক্ষ্যে ‘আমাদের আইন’ এর মানবাধিকার কর্মী হতে পারবেন।

৩. আমাদের আইনের শিক্ষা কর্মী : যে কোন দেশের স্কুল, কলেজ, মাদ্রাসা, ট্রেনিং সেন্টার ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী “আমাদের আইনের” শাখার নির্দিষ্ট বিধি অনুযায়ী শর্তসাপেক্ষে শিক্ষা কর্মী হতে পারবে।

৩. আমাদের আইনের আজীবন কর্মী : যে কোন দেশের বৈধ নাগরিক প্রাপ্ত বয়স্ক যে কেউ, ‘আমাদের আইন’ এর নির্দিষ্ট বিধি অনুযায়ী শর্তসাপেক্ষে স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক অনুমতিক্রমে আজীবন কর্মী হতে পারবেন।

৪. আমাদের আইনের সহযোগী সংগঠক : মানবাধিকার আন্দোলনে বিভিন্ন কর্মকান্ডে জড়িত বিশ্বের যে কোন দেশের বৈধ সংগঠন, ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কমিটির নির্দিষ্ট বিধি অনুযায়ী শর্তসাপেক্ষে স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক অনুমতিক্রমে সহযোগী সংগঠক হতে পারবে।

৫. আমাদের আইনের পেশাভিত্তিক কর্মী : নিজ নিজ পেশায় নিজেদের অধিকার ও অন্যের অধিকার রক্ষায় বিভিন্ন পেশায় নিয়োজিত যেমন-ডাক্তার, প্রকৌশলী, আইনজীবী, শিক্ষক, সাংবাদিক, ব্যবসায়ী, চালক সহ শ্রমজীবী ব্যক্তিগণ আমাদের আইনের নির্দিষ্ট বিধি অনুযায়ী শর্তসাপেক্ষে সদস্যপদ গ্রহণের পর এ স্তরের কর্মী হিসাবে বিবেচিত হইবে।

৬. আমাদের আইনের স্বেচ্ছাসেবক কর্মী : বিশ্বের যে কোন দেশের প্রাপ্ত বয়স্ক ব্যক্তি, যিনি বিশেষ স্ব-উদ্যোগে মানবের অধিকার আদায়ে আন্দোলন করেছেন এমন ব্যক্তিই আমাদের আইনের বিধি অনুযায়ী শর্তসাপেক্ষে স্বেচ্ছাসেবক মানবাধিকার রক্ষাকারী কর্মী হতে পারবেন ।

খ) শর্ত সমূহ :

ক. ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কমিটি নির্দিষ্ট ফরম পূরণ করে বিধি মোতাবেক অনুমতি সাপেক্ষে ‘আমাদের আইন’ এর শাখার সাধারন সদস্য পদ সৃষ্টি হবে।

খ) ‘আমাদের আইন’ এর শাখার সাধারন সদস্য হওয়ার পর ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কমিটিতে মানবাধিকার রক্ষাকারী কর্মী হওয়ার জন্য আবেদন করলে সুপারিশ গৃহীত হইলে যা স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক অনুমতি সাপেক্ষে, ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কমিটির ও স্কাইটাচ্ সোসাইটির সকল বিধি-নিষেধ পালন করিব বলে সম্মতিতে এবং অনুমতি সাপেক্ষে ইহার সদস্য পদ নিশ্চিত হইবে

Court Office:
31, Court House Street,
Choudhary Villa, Room No.-306 (3rd floor)
Agarbatti Goli, Kotwali, Dhaka-1100
Head Office:
23/1, Topkhana Road,2nd floor,
Segunbagicha, Dhaka

M:+8801924 86 33 99
+8801875 21 13 36
E: amaderain@gmail.com

www. amaderain.org.bd
Hotline:+88015 11 20 60 64

গ.প্রশিক্ষণ গ্রহণের জন্য ফি প্রদান :

১. যে কোন ব্যক্তি ও মানবাধিকার রক্ষাকারী কর্মী তার কর্মদক্ষতা বৃদ্ধির জন্য মানবাধিকার বিষয়ক প্রশিক্ষণ “স্কাইটাচ্ সোসাইটি”র্ক নির্ধারিত ‘আমাদের আইন’ এ অবশ্যই প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে এজন্য ‘আমাদের আইন’ এর শাখা কমিটি নির্দ্ধারিত ফি গ্রহণ করিতে পারিবেন। প্রাতিষ্ঠানিক মেন্যুয়াল অনুযায়ী প্রশিক্ষণ বাবদ ফি নির্ধারণ হইবে।

২. অন্যান্য সদস্যের ক্ষেত্রে প্রশিক্ষণ বাধ্যবাদকতা নেই তবে প্রয়োজনে ‘আমাদের আইন’ কেন্দ্রীয় কমিটি ও স্কাইটাচ্ সোসাইটি ইহার ব্যতিরেখে সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা রাখে।

APPROVED SKY TOUCH SOCIETY আন্তরিকতায় পাশে থাকুন Govt. Reg.: S-11368

অনুচ্ছেদ-৪. কর্মীর অধিকার ও দায়ীত্ব:

ক. কর্মীর অধিকার ও সুবিধাসমূহ :

১. সমগ্র বাংলাদেশ তথা বিশ্বের যে কোন দেশে মৌলিক অধিকার রক্ষার আন্দোলনে অংশ গ্রহণ করে নিজেকে মানবাধিকার রক্ষাকারী কর্মী হিসাবে বিশ্বমানব সেবায় শান্তির দূত হিসাবে প্রতিষ্ঠা করতে পারবে।

২. বাংলাদেশ তথা বিশ্বের যে কোন স্থানে ‘আমাদের আইন’ এর শাখাতে যে কোন ধরনের মানবাধিকার ও আইন সহায়ক বিষয়ে সহযোগীতা চাইলে এবং সহযোগীতায় অংশ গ্রহণের ক্ষেত্রে অবশ্যই ‘আমাদের আইন’ এর শাখা তা নিশ্চিত করবে।

৩ . যে কোন ট্রেনিং এ অংশগ্রহণ করিতে পারবে।

৪. যে কোন প্রকল্পে অগ্রাধিকার ভিত্তিক অংশগ্রহণ নিশ্চিত হইবে।

৫. বিদেশে উচ্চ শিক্ষা, বিদেশ মানবাধিকার কার্যক্রমের ব্যপারে সার্বিক সহযোগীতা প্রদান করা হবে।

৬. শারিরিক অসুস্থতা এবং বিভিন্ন ধরনের সমস্যার ক্ষেত্রে আলোচনান্তে সমাধানের চেষ্টা করা হইবে।

৭. উচ্চ শিক্ষার ক্ষেত্রে সার্বিক সহযোগীতা করা হবে।

৮. প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত সকল ন্যায় সঙ্গত কর্মকান্ডে সহযোগীতা ও অংশগ্রহণ নিশ্চিত হইবে।

৯. ‘আমাদের আইন’ প্রত্যেক কর্মী একই পরিবারের সদস্য হিসাবে বিবেচিত হইবে এবং নিজেদের অধিকার সংক্রান্ত যেমন– পারিবারিক সমস্যাদি ও সামাজিক বিভিন্ন সমস্যাদি সমাধানে আইনী সহযোগিতা, শিক্ষা, চিকিৎসা ও অন্যান্য সকল ক্ষেত্রে ‘আমাদের আইন’ সহযোগীতা করিবে।

১০. ‘আমাদের আইন’ যোগ্য ও দক্ষ মানবাধিকার গড়ার লক্ষ্যে প্রয়োজনে বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করিবে।

১১. স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক গৃহীত নতুন নতুন প্রকল্পের কর্মসূচীতে আমাদের আইনের কর্মীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করিবে।

১২. স্কাইটাচ্ সোসাইটি ও আমাদের আইন এর কেন্দ্রীয় কমিটি কর্তৃক নির্দ্ধারিত প্রত্যেক মানবাধিকার রক্ষাকারী কর্মীর আইডি এবং তথ্য ইন্টারনেটে সংরক্ষণ করিবে এবং এ সংক্রান্ত বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করিবেন।

১৩. প্রয়োজনে বিভিন্ন সুযোগ সুবিধা মানবাধিকার কর্মীর মাঝে বাস্তবায়িত হইবে।

১৪. আমাদের আইনের মানবাধিকার কর্মীর ক্ষেত্রে বিশেষ সুযোগ-সুবিধা ও দায় দায়ীত্ব নির্দিষ্ট নীতিমালা অনুসারে বাস্তবায়ীত হইবে। আর সকল সদস্যের ক্ষেত্রে উপরোক্ত ও নিন্মোক্ত সুযোগ-সুবিধা প্রযোজ্য হইবে।

খ. আমাদের আইনের কর্মীর দায়ীত্ব: ঃ

১. প্রথমত বিধি মোতাবেক সদস্য পদ গ্রহণ।

২. সদস্যপদ নবায়ন করা।

৩. কোন প্রকার আইন বিরোধী এবং প্রাতিষ্ঠানিক নীতি বিরোধী কোন কর্যক্রমে অংশগ্রহণ করা যাবেনা যদি প্রাতিষ্ঠানিক কোন নীতি ও আইন বিরোধী কাজে অংশ গ্রহণ করে থাকে যা প্রাতিষ্ঠানিক ভাবে প্রমাণীত হয় সে ক্ষেত্রে তার সকল সদস্য পদ বাতিল হবে ।

৪. সকল দেশীয় ও আন্তর্জাতিক দিবষ গুলোতে অংশগ্রহণ করা।

৫. কোথাও মানবাধিকার লঙ্গন হলে তাদের পাশে দাঁড়ানো।

৬. অবশ্যই মানবাধিকার বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ কারতে হবে।

৭. প্রাতিষ্ঠানিক সকল কার্যক্রম কে সহযোগীতা করা।

৮. প্রতিষ্ঠানের সকল কাজে স্বচ্ছতা-জবাবদিহীতা নিশ্চিত হইতে হইবে।

৯.স্কাইটাচ্ সোসাইটি এবং আমাদের আইন/কেন্দ্রীয়/শাখা কমিটি কর্তৃক যে কোন ধরণের শাস্তি/পদক্ষেপ/অন্যান্য ন্যায় সঙ্গত/যুক্তি সংগত যে কোন বিষয়াদী গ্রহণ করে যা চুড়ান্ত সিদ্ধান্ত হবে। সে ক্ষেত্রে কাহারো কোন প্রকার আরোজ অপত্তি গৃহীত হইবেনা (তবে আপিলের বিষয়টি ব্যতিত নয়)।

Court Office:
31, Court House Street,
Choudhary Villa, Room No.-306 (3rd floor)
Agarbatti Goli, Kotwali, Dhaka-1100
Head Office:
23/1, Topkhana Road,2nd floor,
Segunbagicha, Dhaka

M:+8801924 86 33 99
+8801875 21 13 36
E: amaderain@gmail.com
www. amaderain.org.bd
Hotline:+88015 11 20 60 64

অনুচ্ছেদ-৫. সদস্য পদ বাতিল, স্থগিত বহাল পদ্ধতি :

নিম্নোক্ত কারনে সদস্য পদ বাতিল হইবে-

ক) যদি কোন কর্মী ব্যক্তিগত অপরাধের জন্য সুনির্দিষ্ট ভাবে তিনি ফৌজদারী অপরাধে দন্ডিত হয় এবং সামাজিক ও নৈতিক স্থলন জনিত সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া যায় এবং মানসিক ভারসাম্যহীন হলে তার সদস্যপদ বাতিল হইবে।

খ) প্রতিষ্ঠান বিরোধী এবং সুনির্দিষ্ট কোন অপরাধ কার্যক্রমে অংশগ্রহণ করিলে এবং তা প্রমাণীত হইলে তার সদস্যপদ বাতিল হইবে।

গ) স্বচ্ছতা জবাবদিহীতা বাধ্যবাধকতা।

ঘ) মানবাধিকার রক্ষাকারী কর্মীর ব্যক্তিগত অপরাধের জন্য ‘আমাদের আইন’ কর্তৃপক্ষ কোন দায় বহণ করিবেন না।

ঙ) কোন সদস্য যদি স্কাইটাচ্ সোসাইটি এবং ‘আমাদের আইন’ এর কোন প্রকার নীতি পরিপন্থি কাজ করে সেই ক্ষেত্রে স্কাইটাচ্ সোসাইটি অথবা ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কার্যকর কমিটির কর্তৃপক্ষ যদি কোন প্রকার ব্যবস্থা গ্রহণ করে তা সকলে মানতে বাধ্য থাকিবে তবে তাতে আপিল করার সুযোগ বিদ্যমান থাকবে তবে আপিলে স্কাইটাচ্ সোসাইটি এবং ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কার্যকর কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গৃহীত হইবে।

APPROVED SKY TOUCH SOCIETY আন্তরিকতায় পাশে থাকুন Govt. Reg.: S-11368

নিম্নোক্ত কারণে সদস্য পদ স্থগিত হইবে-

ক) সদস্য হওয়ার পর ‘আমাদের আইন’ এর শাখা শিক্ষা কর্মী ও আজীবন কর্মী ব্যতিত সকল আমাদের আইনের শাখা কর্মীর ক্ষেত্রে, কোন কর্মী যদি সক্রিয় কার্যক্রমে অংশগ্রহণ না করিলে; সর্বোচ্চ ছয় মাসের মধ্যে যুক্তি সংগত কারণ ব্যতিত যোগাযোগ না করিলে; কিংবা কোন শাখাতে যোগাযোগ রক্ষা না করিলে প্রাথমিক ভাবে তার সদস্য পদ স্থগিত হইবে।

খ) মানবাধিকার রক্ষাকারী কর্মীর বিরুদ্ধে সুনির্দিষ্ট কোন অভিযোগ আসিলে প্রাথমিক ভাবে তার সদস্যপদ স্থগিত হইবে এবং যুক্তি সংগত নির্দোশ প্রমাণীত না হওয়ার পূর্ব পর্যন্ত তার সদস্য পদ সাময়িক স্থগিত থাকিবে।

নিম্নোক্ত পক্রিয়ায় সদস্য পদ বহাল হইবে-

প্রাথমিক ভাবে কাহারো সদস্য পদ বাতিল হলে সে ক্ষেত্রে ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কার্যকর কমিটিতে সদস্য পদ পূর্ণবহালের জন্য ৩০দিনের মধ্যে আবেদন করিলে, আবেদন অনুযায়ী বিচার বিশ্লেষণ সাপেক্ষে আমাদের আইন এর কেন্দ্রীয় কার্যকর কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এবং স্কাইটাচ্ সোসাইটির সুপারিশ অনুযায়ী সিদ্ধান্ত চূড়ান্ত ভাবে গৃহীত হইবে। কাহারো সদস্যপদ বাতিল হইলে ২বৎসর এর মধ্যে তাহার নতুন সদস্য পদ সৃষ্টি হইবে না।

অনুচ্ছেদ-৬. কার্যকরী কমিটি :

ক. স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক অনুমতি সাপেক্ষে ‘আমাদের আইন’ এর কেন্দ্রীয় কমিটির অনুমতি ক্রমে যে কোন ৩১/৩৯/৪৫/৫৪ সদস্য বিশিষ্ট আমাদের আইনের শাখা কার্যকর কমিটি গঠন হইবে।

শাখা কার্যকর কমিটি

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা
১.	জেলার ক্ষেত্রে-চেয়ারম্যান, ইউনিয়ন/থানা/উপজেলার ক্ষেত্রে-সভাপতি	(১) জন
২.	জেলার ক্ষেত্রে-কো-চেয়ারম্যান,ইউনিয়ন/থানা/উপজেলার ক্ষেত্রে-সহ-সভাপতি	(৫) জন
৩.	নির্বাহী পরিচালক	(১) জন
৪.	সহ- নির্বাহী পরিচালক	(৩) জন
৫.	অর্থ সম্পাদক	(১) জন
৬.	সহ- অর্থ সম্পাদক	(১) জন
৭.	সাংগাঠনিক সম্পাদক	(১) জন
৮.	সহ- সাংগাঠনিক সম্পাদক	(৩) জন
৯.	মানবাধিকার বিষয়ক সম্পাদক	(১) জন
১০.	সহ- মানবাধিকার বিষয়ক সম্পাদক	(২) জন
১১.	আইন বিষয়ক সম্পাদক	(১) জন
১২.	সহ- আইন বিষয়ক সম্পাদক	(২) জন
১৩.	আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক	(১) জন

১৪.	সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক	(২) জন
১৫.	নারী ও শিশু বিষয়ক সম্পাদক	(১)জন
১৬.	সহ- নারী ও শিশু বিষয়ক সম্পাদক	(২) জন
১৭.	তথ্য ও প্রচার বিষয়ক সম্পাদক	(১)জন
১৮.	সহ- তথ্য ও প্রচার বিষয়ক সম্পাদক	(২)জন
১৯.	ধর্ম বিষয়ক সম্পাদক	(১)জন
২০.	সহ- ধর্ম বিষয়ক সম্পাদক	(২)জন
২১.	শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক	(১)জন
২২.	সহ-শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক	(২)জন
২৩.	ইলেকট্রনিক্স এন্ড প্রিন্টিং মিডিয়া পরিচালক	(১) জন
২৪.	সহ- ইলেকট্রনিক্স এন্ড প্রিন্টিং মিডিয়া পরিচালক	(২) জন
২৫.	প্রকল্প এবং গবেষণা বিষয়ক সম্পাদক	(২) জন
২৬.	সদস্য	(৫) জন
	সর্বমোট	৪৭জন

খ. কমিটি গঠন : স্কাইটাচ্ সোসাইটি কর্তৃপক্ষ 'আমাদের আইন' মানবাধিকার কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে স্কাইটাচ্ সোসাইটির প্রধান উপদেষ্ঠামন্ডলীর সাথে পরামর্শক্রমে 'আমাদের আইন' সেন্ট্রাল কার্যকর কমিটি ও উপদেষ্ঠা কমিটি চূড়ান্ত ভাবে অনুমতি প্রদান করিবে। গঠিত সেন্ট্রাল 'আমাদের আইন' কার্যকর কমিটি জেলা ও শাখা কার্যকর কমিটি গঠনের ক্ষেত্রে বিভিন্ন নির্দিষ্ট সদস্য বিশিষ্ট জেলা কমিটি বা আগ্রহী ব্যক্তিগণ সেন্ট্রাল কমিটি বরাবর প্রস্তাব বা আবেদন করিবে এবং 'আমাদের আইন' সেন্ট্রাল কমিটি 'আমাদের আইন' প্রধান উপদেষ্ঠা মন্ডলীর সাথে পরামর্শক্রমে স্কাইটাচ্ সোসাইটির অনুমতিক্রমে 'আমাদের আইন' সেন্ট্রাল কমিটি উক্ত শাখা কমিটি চূড়ান্ত অনুমতি প্রদান করিবে এবং এর মেয়াদ ২ (দুই) বৎসর হইবে।

গ. বাতিল পদ্ধতি : স্কাইটাচ্ সোসাইটির নীতি নির্ধারণী কর্তৃপক্ষ কর্তৃক যদি এই সিদ্ধান্তে উপনিত হয় যে কাহারো দ্বারা "স্কাইটাচ্ সোসাইটি" এবং 'আমাদের আইন' নীতির পরিপন্থি কার্য সম্পাদন হয়েছে এবং রাস্ট্র বিরোধী কোন কার্যক্রমে অংশ গ্রহণ করিয়াছে সে ক্ষেত্রে আমাদের আইনের কেন্দ্রীয় কমিটি বরাবরে শাখা কমিটি/তার/তাহাদের নিজ নিজ পদ বাতিলের প্রস্তাব করিতে পারিবে, কেন্দ্রীয় কমিটি উক্ত প্রস্তাব যাচাই বাছাই পূর্বক উক্ত পদ বা কমিটি সাময়ীক স্থগিত এবং বাতিল সংক্রান্ত সকল প্রকার বিষয়াদী "স্কাইটাচ্ সোসাইটির" সিদ্ধান্ত অনুসারে বাস্তবায়ীত হইবে।

ঘ. কার্যকরী কামটির অধিকার/দায়ীত্ব :

নির্দিষ্ট পদবী অনুসারে যার যার কার্য ক্ষমতা বন্টন হইবে, প্রয়োজনে স্কাইটাচ্ সোসাইটি এবং আমাদের আইনের কেন্দ্রীয় কমিটি কর্তৃক বিভিন্ন বিষয়াদির দিক নির্দেশনা নিতে পারবেন।

চেয়ারম্যান/সভাপতি : তিনি কার্যকরী কমিটি এবং সভার প্রধান। তিনি প্রতিষ্ঠানের সকল ব্যবস্থাপনাকে সহযোগীতা প্রদান এবং সভা আয়োজন, প্রকল্প উপস্থাপনা,প্রয়োজন অনুসারে চুক্তি সম্পাদন সহ সকল কার্যক্রমে পূর্ণ অংশগ্রহণ করিতে পারিবেন।

কো-চেয়ারম্যান/সহ-সভাপতি : তিনি সভাপতির অনুপস্থিতিতে সভার সভাপতি এবং সকল কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করিবেন।

সাধারণ সম্পাদক : তিনি কার্যকরী কমিটির প্রধান নির্বাহী হিসাবে সকল প্রকার কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করিবেন প্রয়োজনে অনুমতি সাপেক্ষে যে কোন চুক্ত সম্পাদিত করিতে পারিবেন। সকল প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন নিশ্চিত করিবেন। যে কোন প্রকার নিয়োগ এবং বাতিল করার সুপারিশের অধিকারী। সংস্থা কর্তৃক নির্ধারিত ও কার্যকর কমিটি কর্তৃক গৃহীত সকল কার্যক্রমে পূর্ণাঙ্গ অংশগ্রহণ করিবেন।

অর্থ সম্পাদক : তিনি অর্থ সংক্রান্ত সকল কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবেন এবং স্কাইটাচ্ সোসাইটি ও আমাদের আইনের কেন্দ্রীয় কমিটি কর্তৃক মনোনিত ব্যক্তি এবং তার যৌথ স্বাক্ষরে আমাদের আইন এর শাখা ব্যংক একাউন্ট পরিচালিত হইবে।

অন্যান্য সম্পাদক : নিজ নিজ পদবী সংবলিত সকল কার্যক্রমে অংশগ্রহণ সহ নিজ নিজ পূর্ণাঙ্গ পদবী সম্পর্কিত কার্য প্রণালী সংস্থা কর্তৃক নির্দেশিত বিষয়াদিতে অংশগ্রহণ নিশ্চিত হইবে।

উপদেষ্টা কমিটি : 'আমাদের আইন' এর ১৩ সদস্য বিশিষ্ট সেন্ট্রাল উপদেষ্টা কমিটি হইবে এবং ইহাদের মধ্য হইতে একজন প্রধান উপদেষ্টা হইবেন এবং 'আমাদের আইন' এই কমিটিতে স্থানীয় নাগরীক দেশ এবং বিদেশী বিভিন্ন নাগরিক (অবসরপ্রাপ্ত বিচারকগণ, বাংলাদেশের মন্ত্রণালয়, সংসদ সদস্য, বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবিদ, আইন অনুষদ শিক্ষক, প্রবাসে বসবাসরত, বিশিষ্ট আইনজীবী, সাংবাদিক, সংস্কৃতি ব্যক্তিত্ব, ব্যবসায়ীক গ্রুপ ও উন্নয়ন কর্মী দের অংশ গ্রহণে ১১ সদস্য বিশিষ্ট শাখা উপদেষ্টা কমিটি (প্রয়োজনে বৃদ্ধি করা যাবে) গঠিত হইবে।

সেন্ট্রাল 'আমাদের আইন' উপদেষ্টা পরিষদের প্রধান উপদেষ্টা যিনি তিনি স্কাইটাচ্ সোসাইটি এর প্রধান উপদেষ্টা, তিনি তাহার উপদেষ্টা পরিষদমন্ডলী কর্তৃক 'আমাদের আইন' এর বিষয়ে সকল সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রাখেন তবে যাহাই সিদ্ধান্ত নিবেনা কেন তাহা অবশ্যই স্কাইটাচ্ সোসাইটির পূর্বানুমতি আবশ্যকীয় বিষয় এবং শাখা কমিটির উপদেষ্টা মন্ডলীর ক্ষেত্রে উক্ত শাখার যাবতীয় বিষয়ে ক্ষমতা বলবৎ রহিবে।

APPROVED
SKY TOUCH SOCIETY
আন্তরিকতায় পাশে থাকুন
Govt. Reg.: S-11368

কেন্দ্রীয়/শাখা/বিভাগীয় উপদেষ্টা মন্ডলী কমিটি

ক্রমিক নং	পদবী	ঠিকানা	পদবী
১	প্রধান উপদেষ্টা		
২	নির্বাহী উপদেষ্টা		
৩	নির্বাহী উপদেষ্টা		
৪	নির্বাহী উপদেষ্টা		
৫	সিনিয়র উপদেষ্টা		
৬	সিনিয়র উপদেষ্টা		
৭	সিনিয়র উপদেষ্টা		
৮	সিনিয়র উপদেষ্টা		
৯	উপদেষ্টা		
১০	উপদেষ্টা		
১১	উপদেষ্টা		

বিভাগীয় কমিটি : 'আমাদের আইন' এর শাখা কমিটির যোগ্য কর্মী বা যে কোন সদস্য তাদের নিজ কর্মদক্ষতাগুণে নিজ নিজ বিভাগীয় একজন কো-অর্ডিনেটর ও ১০জনের বেশি নয় পদবী নিয়োগ প্রাপ্ত হইবেন। বিভাগীয় কমিটির ক্ষেত্রে সেন্ট্রাল 'আমাদের আইন' কর্তৃক প্রস্তাবনার পর স্কাইটাচ্ সোসাইটির চূড়ান্ত অনুমতি সাপেক্ষে বিভাগীয় কমিটি অনুমোদিত হইবে।

বিভাগীয় কমিটি

ক্রমিক নং	নাম	বিভাগের নাম	পদবী
১			
২			
৩			
৪			
৫			
৬			

অনুচ্ছেদ-৭. ব্যংক একাউন্ট পরিচালনা :
স্কাইটাচ্ সোসাইটির ও 'আমাদের আইন' এর কেন্দ্রীয় কমিটি কর্তৃক নির্ধারিত এবং 'আমাদের আইন' এর শাখা কমিটির অর্থ সম্পাদকের যৌথ স্বাক্ষরে 'আমাদের আইন' এর শাখা কমিটির ব্যংক একাউন্ট পরিচালিত হইবে। প্রয়োজনে রেজুলেশনের মাধ্যমে "স্কাইটাচ্ সোসাইটি" ও 'আমাদের আইন' এর কেন্দ্রীয় কমিটি বিষয়টি সংশোধন করিতে পারিবেন।

অনুচ্ছেদ-৮. বিশেষ ক্ষমতা : স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক নির্দ্ধারিত প্রধান সমন্বয়কারী যিনি থাকবেন তিনি স্কাইটাচ্ সোসাইটি' র নীতি নির্দ্ধারনীর একজন বৈধ ক্ষমতাবান প্রতিনিধি বটে; তার ক্ষমতা সকল ক্ষেত্রে স্কাইটাচ্ সোসাইটির অনুপস্থিতিতে বর্তাবে এবং তিনি সকল সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন। যেহেতু 'আমাদের আইন' একটি স্কাইটাচ্ সোসাইটির 'মানবাধিকার রক্ষাকারী ও আইনী সহায়তা কার্যক্রম' প্রকল্প- সেহেতু স্কাইটাচ্ সোসাইটির উর্দ্ধতন কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের উন্নয়নের স্বার্থে যে কোন ধরণের বাস্তবমূখী সিদ্ধান্ত গ্রহণ করিলে তা সর্বক্ষেত্রে মানতে/পালন করতে বাধ্যবাধকতা হইবে এবং কোন অবস্থায় কাহারো কোন আপত্তি গ্রহনীয় হইবে না তবে যদি স্কাইটাচ্ সোসাইটির উর্দ্ধতন কর্তৃপক্ষ মনে করে বিষয়টি বিবেচনায় আনা যায় সেই ক্ষেত্রে প্রযোজ্য অন্যস্থায় অগ্রহনীয়।

অনুচ্ছেদ-৯.সভা ও কোরাম :
বাৎসরিক সাধারণ সভা ১টি, কার্যকরী কমিটির সভা প্রতি ২মাস অন্তর মাসের শেষে অনুষ্ঠিত হবে, যে কোন সিদ্ধান্ত গ্রহণ ও সভার কার্যক্রম পরিচালনা করতে কোরাম পূর্ণ করার জন্য গঠিত কমিটির অন্তত: দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, অনিবার্য কারণ বসত: সদস্য উপস্থিত না হইলে নতুন তারিখ নির্ধারিত হইবে। প্রয়োজনে জরুরী সভার আয়োজন করা যাবে, তবে সাধারণ ও কার্যকরী ক্ষেত্রে ৭দিন পূর্বে নোটিশ এবং জরুরী সভার ক্ষেত্রে ২৪ ঘন্টার মধ্যে নোটিশ প্রদান করিতে হইবে।

অনুচ্ছেদ-১০.প্রকল্প :
'আমাদের আইন' এর কেন্দ্রীয় কার্যকর কমিটি কর্তৃক যে কোন নতুন প্রকল্প সিদ্ধান্ত নিলে তা মূল্যায়নের জন্য স্কাইটাচ্ সোসাইটি কর্তৃপক্ষের নিকট পাঠাতে হবে এবং স্কাইটাচ্ সোসাইটির অনুমোতি সাপেক্ষে সকল প্রকল্প বাস্তবায়ীত হইবে ।

অনুচ্ছেদ-১১ . অর্থ সংস্থান:
স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক প্রদত্ত অর্থ ও দেশ বিদেশ থেকে প্রাপ্ত অর্থ এবং বিভিন্ন অনুদান গৃহীত অর্থই অর্থ সংস্থান।

অনুচ্ছেদ-১২.অডিট :
স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণে প্রত্যেক প্রকল্পের আর্থিক বিষয়াদি সংক্রান্ত যে কোন আয় ব্যয়ের হিসাব নিরিক্ষা কার্যক্রম একটি স্বীকৃত অডিট ফার্ম / স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক নির্দ্ধারিত অডিটর কর্তৃক দ্বারা সকল হিসাব উপস্থাপন করিতে হইবে।

অনুচ্ছেদ-১৩. শাখা কমিটির নীতি মালা:
বাংলাদেশের প্রত্যেক বিভাগের জন্য একজনকে কোর্ডিনেটর এবং ৫ জন কো-কোর্ডিনেটর করে কমিটি করবে। বিভিন্ন জেলা উপজেলা থানা ইউনিয়ন এবং স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয় গুলোতে প্রত্যেক শাখা কার্যক্রমের ক্ষেত্রে একটি ৩১/৪১/৪৭ (যে কোন একটি) সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি গঠন করে উপরোক্ত কার্যকর ম্যানুয়াল অনুসারে 'আমাদের আইন' এর কেন্দ্রীয় কমিটির সুপারিশ সাপেক্ষে এবং স্কাইটাচ্ সোসাইটির অনুমতিক্রমে 'আমাদের আইনের' শাখা কার্যক্রম কমিটি বাস্তবায়ীত হইবে এবং সকল শাখা কামটির ক্ষেত্রে "স্কাইটাচ্ সোসাইটি" কর্তৃক প্রণীত বিধি নিষেধ প্রযোজ্য এবং 'আমাদের আইনের' সকল গঠনতন্ত্র পালন কারতে বাধ্য।

অনুচ্ছেদ-১৪. শপথ : শব্দ ব্যবহার করত: বাক্য ও বিধানের স্পষ্টতা বজায় রাখিতে হইবে।

অনুচ্ছেদ-১৫. প্রকল্প সমাপ্তি :
স্কাইটাচ্ সোসাইটি কর্তৃক গৃহীত 'আমাদের আইন' একটি সক্রিয় মানবাধিকার রক্ষাকারী ও আইন সহায়তা কার্যক্রম প্রকল্প বিধায় এ ক্ষেত্রে আমাদের আইনের কার্যক্রম বিষয়ে স্কাইটাচ্ সোসাইটির কর্তৃপক্ষ যে রূপ সিদ্ধান্ত গ্রহণ করিবেন যেমন-পরিচালনা এবং সমাপ্তির বিষয়ে স্কাইটাচ্ সোসাইটির কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হইবে। তবে শর্ত থাকে যে প্রকল্প সমাপ্তির পূর্বে 'আমাদের আইন' এর কেন্দ্রীয় কমিটির সাথে যথাযথ আলোচনা পর্যালোচনার বিষয়াদী যথাযথ যৌক্তিক কারণ ব্যখ্যা প্রদান করিবেন।

সমাপ্ত

APPROVED
SKY TOUCH SOCIETY
আন্তরিকতায় পাশে থাকুন
Govt. Reg.: S-11368

(ডা. এস.কে. সাহা চৌধুরী)	(অ্যাড. নূরে আলম সিদ্দিক)	(অ্যাড. এ.জেড.এম. আব্দুস সবুর)
(সিনিয়র জজ, ৭ম বিসিএস (জুডিশিয়াল)/ ১৯৮৫)	চেয়ারম্যান	প্রধান নির্বাহী পরিচালক
প্রধান উপদেষ্টা	স্কাইটাচ্ সোসাইটি	স্কাইটাচ্ সোসাইটি
স্কাইটাচ্ সোসাইটি ও আমাদের আইন।		